

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং- ১/২০২৪

১৮ জানুয়ারি, ২০২৪
তারিখ : -----
০৪ মাঘ, ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর
প্রিয় মহোদয়,

দেশের অভ্যন্তরে NPSB এর মাধ্যমে সম্পাদিত লেনদেনসমূহের জন্য ফি/চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

দেশের অভ্যন্তরে National Payment Switch Bangladesh (NPSB) এর মাধ্যমে সম্পাদিত ইলেক্ট্রনিক লেনদেনের জন্য ফি/চার্জ নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

২। Automated Teller Machine (ATM)

NPSB এর আওতায় একটি ব্যাংকের গ্রাহক ভিন্ন ব্যাংকের ATM ব্যবহারে সম্পাদিত লেনদেন প্রতি সার্ভিস চার্জ নিম্নরূপঃ

লেনদেনের বিবরণ	টাকার পরিমাণ
নগদ অর্থ উত্তোলন	সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত)
স্থিতি অনুসন্ধান	সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত)
ক্ষুদে বিবরণী প্রদান	সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত)
তহবিল স্থানান্তর	সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত)

এই চার্জ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান সর্বোচ্চ ১৫ (পনের) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে। অন্যান্য লেনদেনের সার্ভিস চার্জ বাবদ উল্লিখিত সম্পূর্ণ অর্থ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে।

৩। Point of Sale (POS), Bangla QR, E-commerce

৩.১) বিভিন্ন বিশেষায়িত খাতে (যেমনঃ চিকিৎসা, শিক্ষা ও অন্যান্য) লেনদেনে ব্যবহৃত Merchant Category Code (MCC) কোডের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বিশেষ ফি/চার্জ প্রযোজ্য হবে। অন্যান্য ক্ষেত্রে NPSB এর আওতায় POS, Bangla QR, E-commerce পরিশোধ ব্যবস্থা ব্যবহার করে মার্চেন্ট পেমেণ্টে এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান কর্তৃক মার্চেন্ট হতে আদায়যোগ্য ফি/সার্ভিস চার্জের সর্বোচ্চ হার (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানের ফি ও নেটওয়ার্ক পরিচালনা ফি-এর বিভাজন নিম্নরূপঃ

লেনদেনের মাধ্যম	হিসাব/কার্ড	Merchant Discount Rate (MDR)	Interchange Reimbursement Fee (IRF)	NPSB Platform Fee
POS	Debit & Prepaid Cards	১.০০%	০.৩০%	০.১৫%
	Credit Cards	১.২০%	০.৬০%	০.১৫%
Micro Merchants' Bangla QR	Bank Account, Debit & Prepaid Cards	০.৫০%	০.২০%	-
	Credit Card, MFS, PSP	০.৮০%	০.৬০%	-
Regular Merchants' Bangla QR	Bank Account, Debit & Prepaid Cards	১.০০%	০.৩০%	০.১৫%
	Credit Card, MFS, PSP	১.২০%	০.৬০%	০.১৫%
E-commerce	Bank Account, Debit & Prepaid Cards	১.০০%	০.৩০%	০.১৫%
	Credit Card, MFS, PSP	১.২০%	০.৬০%	০.১৫%

বর্ণিত ফি/সার্ভিস চার্জ কোনভাবেই গ্রাহকের নিকট থেকে আদায় করা যাবে না।

৩.২) দেশের অভ্যন্তরে POS ব্যবহার করে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে উক্ত চার্জ আদায় করতে পারবে।

৪। ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT)


NPSB এর আওতায় এক ব্যাংকের গ্রাহক ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার পদ্ধতি ব্যবহার করে ভিন্ন ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত); যা অরিজিনেটিং ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে।

৫। সরকারি পরিষেবা

৫.১) কার্ডের মাধ্যমে সরকারি পরিষেবার মূল্য পরিশোধের ক্ষেত্রে Merchant Category Code (MCC)- 9211 (Court costs including alimony and child support), MCC-9222 (Fines), MCC-9311 (Tax payments)-এ প্রদেয় পরিষেবাসমূহ ব্যতীত অন্যান্য সরকারি পরিষেবার মূল্য পরিশোধের ক্ষেত্রে MCC-9399 ব্যবহৃত হবে এবং MCC-9399 এর বিপরীতে কোন চার্জব্যাক প্রযোজ্য হবে না।

৫.২) MCC-9399 এর বিপরীতে সংঘটিত কার্ড লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশে ইস্যুকৃত কার্ডের জন্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত পরিশোধের ক্ষেত্রে এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি সর্বোচ্চ ২০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) আদায় করবে, যার মধ্যে ৫ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার উপরে এ জাতীয় লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠানসমূহের প্রচলিত ফি/চার্জ প্রযোজ্য হবে।

আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০২৪ তারিখ হতে NPSB এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের ক্ষেত্রে এ চার্জ প্রযোজ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)
পরিচালক (পিএসডি)
ফোনঃ ৯৫৩০৬১১